



পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮-১০)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা -১০০০।

www.pallisanchaybank.gov.bd

পসব্য/প্রকা/হিসাব-৫৫(৩)/২০২৩-২০২৪/৯০৪

তারিখঃ ২৪/০১/২০২৪ খ্রি.

বাজেট ও হিসাব বিভাগ

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, জেলা (আঞ্চলিক) কার্যালয়, সকল জেলা;

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, অডিট কার্যালয় (সকল);

শাখা ব্যবস্থাপক, সকল শাখা, পল্লী সঞ্চয় ব্যাংক।

বিষয়ঃ পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী প্রদেয় ভবিষ্য তহবিল নীতিমালা-২০১৯ সংশোধন প্রসঙ্গে।

সূত্রঃ পসব্য/প্রকা/প্রশা-২৮/২০১৯-২০/২৮৪৯; তারিখঃ ০৩/০৬/২০২০ খ্রি।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সূত্রোক্ত পত্রের মাধ্যমে 'পল্লী সঞ্চয় ব্যাংক প্রদেয় ভবিষ্য তহবিল নীতিমালা, ২০১৯' প্রেরণ করা হয়েছে।

০৩। অত্র ব্যাংকের পরিচালনা বোর্ডের ১৯/০৩/২০২৩ তারিখে অনুষ্ঠিত ৯০ তম সভার সিদ্ধান্ত মোতাবেক বিদ্যমান নীতিমালার **অনুচ্ছেদ**

১৪: তহবিলের সঞ্চিত অর্থ চূড়ান্ত পরিশোধ- এ নিম্নোক্ত উপঅনুচ্ছেদ সংযোজন করা হয়েছে:

(খ) যদি কোন চাঁদাদাতা চাকুরিকাল ৩ (তিন) বৎসর পূর্ণ না করেন অথবা শৃঙ্খলাজনিত কারণে চাকুরি হইতে বরখাস্ত বা অপসারিত (Dismissed, Discharged or Removed) হন তবে তিনি ব্যাংকের প্রদেয় অংশ ও তাহার উপর প্রদেয় সুদ পাইবেন না। মৃত কর্মচারীর ক্ষেত্রে চাকুরিকাল নির্বিশেষে সম্পূর্ণ অংশ প্রাপ্য হইবেন। তবে শর্ত থাকে যে, সঞ্চিত অর্থ প্রাপ্তির পর কোন চাঁদাদাতা পূর্ব পদে পুনর্বহাল হইয়া বা পুনঃনিয়োগের মাধ্যমে কর্তব্যকর্মে ফিরিয়া আসিলে, বিদ্যমান নীতিমালার ১০ নং অনুচ্ছেদে বর্ণিত হারে সুদসহ ভবিষ্য তহবিলের গৃহীত সমুদয় অর্থ তহবিলে ফেরত প্রদান করিবার জন্য মঞ্জুরকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট চাঁদাদাতাকে নির্দেশ প্রদান করিতে পারিবেন।

০৪। ব্যাংকের পরিচালনা বোর্ডের ০৪/১২/২০২৩ তারিখে অনুষ্ঠিত ১০৩ তম সভার সিদ্ধান্ত মোতাবেক বিদ্যমান নীতিমালার **অনুচ্ছেদ ৩(২):**

এ উল্লিখিত বোর্ড/কমিটি নিম্নোক্তভাবে পুনঃগঠন করা হয়েছে:

ক্রমিক নং	পদবী	কমিটির পদবী
১	ব্যবস্থাপনা পরিচালক	সভাপতি
২	উপব্যবস্থাপনা পরিচালক	সদস্য
৩	মহাব্যবস্থাপক-৩ জন	সদস্য
৪	বোর্ড সচিব	সদস্য
৫	বাজেট ও হিসাব বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	সদস্য সচিব

০৫। পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী প্রদেয় ভবিষ্য তহবিল নীতিমালা, ২০১৯ এর উপরোক্ত সংশোধন ও সংযোজনসহ অপরাপর অনুচ্ছেদসমূহ অপরিবর্তিতভাবে কার্যকর থাকবে।

(শেখ মোঃ জামিনুর রহমান)

ব্যবস্থাপনা পরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. স্টাফ অফিসার টু চেয়ারম্যান মহোদয়, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
২. স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৩. উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৪. স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৫. বোর্ড সচিব, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৬. প্রোগ্রামার, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৭. অফিস নথি।

(মোঃ আবদুর রহমান)

সিনিয়র প্রিন্সিপাল অফিসার